



প্রেস বিজ্ঞপ্তি

বরিশাল বিশ্ববিদ্যালয়ে “বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হল” উদ্বোধন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১৪ নভেম্বর ২০২৩খ্রিঃ।

বরিশাল বিশ্ববিদ্যালয়ের “বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হল” উদ্বোধন করা হয়েছে। ১৪ নভেম্বর ২০২৩ তারিখ সকাল ১০ টায় গণভবন থেকে অনলাইনে যুক্ত হয়ে হলটির উদ্বোধন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বরিশাল বিশ্ববিদ্যালয়ের ভিডিও কনফারেন্স রুমে আয়োজিত এ অনুষ্ঠানে বরিশাল বিশ্ববিদ্যালয়ের পক্ষে উপস্থিত ছিলেন মাননীয় উপাচার্য (রুটিন দায়িত্ব) অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া। অন্যান্যদের মধ্যে আরও উপস্থিত ছিলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সদস্যবৃন্দ, বিভিন্ন অনুষদের ডিন, রেজিস্ট্রার, বিভাগীয় প্রধান, বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হলের প্রাধ্যক্ষ, দপ্তর প্রধান, শিক্ষক সমিতির সভাপতি, সাধারণ সম্পাদকসহ কার্যকরী পরিষদের সদস্যবৃন্দ, শিক্ষক মন্ডলী, বিএনসিসি সেনা শাখার ২/লেফটেন্যান্ট ও নৌ শাখার পিইউও, অফিসার্স এসোসিয়েশনের সভাপতি, সাধারণ সম্পাদক, গ্রেড ১১-১৬ ও গ্রেড ১৭-২০ কল্যান পরিষদের সভাপতি, সাধারণ সম্পাদক এবং বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হলের আমন্ত্রিত শিক্ষার্থীবৃন্দ। উদ্বোধনী অনুষ্ঠান শেষে বরিশাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য (রুটিন দায়িত্ব) অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হলের প্রভোস্ট, আবাসিক শিক্ষক, সহকারী আবাসিক শিক্ষক, শিক্ষার্থীসহ উপস্থিত সবাইকে নিয়ে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধনকৃত বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হলের নাম ফলকটি প্রতিস্থাপন করেন। এসময় অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া বরিশাল বিশ্ববিদ্যালয়ের পক্ষ হতে মাননীয় প্রধানমন্ত্রীর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে তাঁর সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস